[illegible]

[illegible]

**Job Category:** NGO/Development **Job Source:** [illegible]

## Job Summary

**Posted On:** 5 Jan 2025 **Application Deadline:**20 Jan 2025

# পিদিম ফাউন্ডেশনে নিয়োগ

**পিদিম ফাউন্ডেশন,** এমআরএ সনদপ্রাপ্ত (০০৯৩৫-০০০৯৪-০০১৬২), পিকেএসএফ-এর সহযোগী সংস্থা হিসেবে দীর্ঘদিন যাবৎ গাজীপুর, নরসিংদী, নারায়ণগঞ্জ, ময়মনসিংহ, কিশোরগঞ্জ, শেরপুর, ঢাকা, মানিকগঞ্জ, টাঙ্গাইল, ব্রাহ্মণবাড়ীয়া, মুন্সিগঞ্জ, চাঁদপুর, কুমিল্লা, নোয়াখালী, লক্ষ্মীপুর, ফেনী, ফরিদপুর, গোপালগঞ্জ ও মাদারীপুর জেলায় দক্ষতার সঙ্গে মাইক্রোফাইন্যান্স ইনস্টিটিউট হিসেবে কার্যক্রম পরিচালনা ক'রে আসছে। **বর্তমানে ঋণ কার্যক্রম সম্প্রসারণের লক্ষ্যে নিম্নলিখিত পদে জরুরি ভিত্তিতে লোক নিয়োগ করা হবে।** সংস্থার কর্ম-এলাকায় কাজ করতে অগ্রহী প্রার্থীদের আগামী **২০ জানুয়ারী, ২০২৫ ইং** তারিখের মধ্যে পূর্ণ জীবন-বৃত্তান্ত (মোবাইল নম্বরসহ), সদ্য তোলা ৩ কপি পাসপোর্ট সাইজ ছবি, শিক্ষাগত যোগ্যতা, জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি, অভিজ্ঞতাসম্পন্নদের ক্ষেত্রে অভিজ্ঞতার সনদ ও ছাড়পত্রের ফটোকপি এবং যারা কর্মরত রয়েছেন, কর্মরত সংস্থার নিয়োগ পত্রের ফটোকপি ও প্রত্যয়ন পত্রসহ আবেদনপত্র **(খামের উপর অবশ্যই পদের নাম লিখতে হবে), উপ-পরিচালক (মানবসম্পদ ও আরটিডি) বিভাগ বরাবর প্রেরণের জন্য অনুরোধ করা হলো। প্রেরণের ঠিকানাঃ পিদিম ফাউন্ডেশন, প্লট-এ/৭৬, রোড-ডাব্লিউ-১, ব্লক-এ, ইষ্টার্ন হাউজিং পল্লবী ফেইজ-২, রূপনগর, মিরপুর, ঢাকা-১২১৬। ওয়েবসাইটের ঠিকানা-** www.pidimfoundation.org; **ই-মেইল** – hrd@pidimfoundation.org

| ক্র.নং | পদের নাম | সর্বোচ্চ বয়সসীমা | শিক্ষাগত যোগ্যতা | অভিজ্ঞতা | শিক্ষানবিশকালে বেতন | স্থায়ীকরণের পর বেতন | সংস্থার নিয়মানুযায়ী অন্যান্য সুবিধা (বেতন অতিরিক্ত) ও শর্তাবলী |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | জোনাল ম্যানেজার | ৪৫ বছর | স্নাতক/ স্নাতকোত্তর | জাতীয় পর্যায়ের এনজিও-তে ক্ষুদ্রঋণ কার্যক্রমে সংশ্লিষ্ট পদে ২৫-৩০টি শাখা পরিচালনায় কম পক্ষে ৩ (তিন) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। | ৭০,০০০/- | ৭৮,২১১/- | • পুরুষ কর্মী/কর্মকর্তাদের একক আবাসন ফ্রি। নারী কর্মী/কর্মকর্তাদের (একক) আবাসন ভাতা (১৫০০/- থেকে ২০০০/) টাকা প্রদান করা হয়।<br>• সংস্থার কাজে দূরত্ব অনুযায়ী মোটর সাইকেল ভাতা প্রতি কি.মি ৪.৫০/- হারে মাসিক সর্বোচ্চ ৬০০০/-, মেইনটেন্যান্স বিল ৫০০/- এবং মবিল বিল ৬০০/- প্রদান করা হয়।<br>• প্রতিমাসে মোবাইল বিল এবং ইন্টারনেট বিল প্রদান করা হয়।<br>• ৭, ৮ ও ৯ নং পদপ্রার্থীদের বাই-সাইকেল ভাতা সর্বোচ্চ ১৫০০/- পর্যন্ত প্রদান করা হয়।<br>• ১, ২, ৩, ৪ ও ৫ নং পদপ্রার্থীদের অবশ্যই বৈধ ড্রাইভিং লাইসেন্সসহ মোটরসাইকেল থাকতে হবে। ৫ নং পদপ্রার্থীদের বৈধ ড্রাইভিং লাইসেন্সসহ মোটরসাইকেল থাকলে অগ্রাধিকার দেয়া হবে ।<br>• ৭, ৮ ও ৯ নং পদপ্রার্থীদের অবশ্যই বৈধ ড্রাইভিং লাইসেন্সসহ মোটরসাইকেল /বাই-সাইকেল চালিয়ে কাজ করতে হবে। তবে, মোটরসাইকেল থাকলে অগ্রাধিকার দেয়া হবে ।<br>• হিসাবরক্ষকগন ৩০ লক্ষ তদূর্ধ্ব ঋণস্থিতি নিয়ে কাজ করলে ২,০০০/- হার্ডশীপ ভাতা প্রাপ্য হবেন। |
| ২ | এরিয়া ম্যানেজার | ৪২ বছর | স্নাতক/ স্নাতকোত্তর | জাতীয় পর্যায়ের এনজিও-তে ক্ষুদ্রঋণ কার্যক্রমে সংশ্লিষ্ট পদে কমপক্ষে ৩ বছর কাজ করার অভিজ্ঞতা থাকতে হবে। | ৪৮,০০০/- | ৫৩,৬১৪/- | |
| ৩ | সিনিয়র শাখা ব্যবস্থাপক | ৪০ বছর | স্নাতক/ স্নাতকোত্তর | জাতীয় পর্যায়ের এনজিও-তে ক্ষুদ্রঋণ কার্যক্রমে শাখা ব্যবস্থাপক পদে কমপক্ষে ৫ বছর কাজ করার অভিজ্ঞতা এবং মানসম্মত ওটিআর, পার রেখে ১০ কোটি টাকার উর্ধ্বে ভালো ঋণস্থিতি নিয়ে কর্মরত থাকতে হবে। | আলোচনা সাপেক্ষে | | |
| ৪ | শাখা ব্যবস্থাপক | ৩৮ বছর | স্নাতক/ স্নাতকোত্তর | জাতীয় পর্যায়ের এনজিও-তে ক্ষুদ্রঋণ কার্যক্রমে সংশ্লিষ্ট পদে কমপক্ষে ৩ বছর কাজ করার অভিজ্ঞতা থাকতে হবে। | ৩৮,০০০/- | ৪৫,৫৭০/- | |
| ৫ | এন্টারপ্রাইজ অফিসার | ৩৫ বছর | স্নাতক/ স্নাতকোত্তর | জাতীয় পর্যায়ের এনজিও-তে ক্ষুদ্রঋণ কার্যক্রমে ২ থেকে ৩ বছর কাজ করার অভিজ্ঞতা থাকতে হবে। মানসম্মত ওটিআর, পার-সহ ১.৫ কোটি টাকা ভালো ঋণস্থিতি নিয়ে কর্মরত থাকতে হবে। বড় ঋণ পরিচালনার দক্ষতা থাকতে হবে। | ৩০,০০০/- | ৩৪,৬২৩/- | |
| ৬ | হিসাবরক্ষক | ৩৫ বছর | স্নাতক/ স্নাতকোত্তর (অ্যাকাউন্টিং/ফিন্যান্স/ ম্যানেজমেন্ট) | জাতীয় পর্যায়ের এনজিও-তে ক্ষুদ্রঋণ কার্যক্রমে সংশ্লিষ্ট পদে কমপক্ষে ২ বছর কাজ করার অভিজ্ঞতা থাকতে হবে। অবশ্যই কম্পিউটার ও সফটওয়্যার পরিচালনায় পারদর্শী হতে হবে। হিসাবরক্ষকের কাজের পাশাপাশি সীমিত সংখ্যক সমিতি পরিচালনার দায়িত্ব পালন করতে হবে। | ২৫,০০০/- | ৩০,৪২৩/- | |
| ৭ | ঋণ সংগঠক (অভিজ্ঞতাসম্পন্ন) | ৩৫ বছর | স্নাতক/ স্নাতকোত্তর | জাতীয় পর্যায়ের এনজিও-তে ক্ষুদ্রঋণ কার্যক্রমে সংশ্লিষ্ট পদে কমপক্ষে ২ বছর কাজ করার অভিজ্ঞতা থাকতে হবে। | ২২,০০০/- | ৩০,০৬৯/- | |
| ৮ | ঋণ সংগঠক (অভিজ্ঞতাসম্পন্ন) | ৩৫ বছর | এইচএসসি | | ২০,০০০/- | ২৭,১৪৪/- | |
| ৯ | ঋণ সংগঠক (অভিজ্ঞতার প্রয়োজন নাই) | ৩৫ বছর | স্নাতক/ স্নাতকোত্তর | অভিজ্ঞতার প্রয়োজন নাই। | ২০,০০০/- | ২৭,১৪৪/- | |

➢ **চাকুরির অন্যান্য সুযোগ-সুবিধাঃ**

০১) সাপ্তাহিক ছুটি দু'দিন (শুক্রবার ও শনিবার)।
০২) সংস্থার নিয়ম অনুযায়ী বাৎসরিক বেতন বৃদ্ধি, পদোন্নতি, দুটি উৎসব ভাতা এবং বৈশাখি ভাতা প্রদান করা হয়।
০৩) সংস্থার নিয়ম অনুযায়ী যোগ্যতা ও নিষ্ঠার সাথে চাকুরির বয়স ১১ বছর অতিক্রান্ত হওয়ার পর ১ নং পদে ৩৫ লক্ষ, ২ নং পদে ২০ লক্ষ, ৩ ও ৪ নং পদে ১৬ লক্ষ, ৫ ও ৬ নং পদে ১৩ লক্ষ এবং ৭, ৮ ও ৯ নং পদের জন্য ১০ লক্ষ টাকা সুবিধা প্রাপ্য হবেন। উল্লিখিত সুবিধা প্রভিডেন্ট ফান্ড, গ্র্যাচুইটি ফান্ড (Gross) ও অর্জিত ছুটির বিপরীতে বেতন ইত্যাদিসহ। উল্লেখ্য, ১১ বছরের আগে চাকুরি ছেড়ে চলে গেলে সংস্থার নিয়মানুযায়ী সুবিধাদি প্রাপ্য হবেন। এক্ষেত্রে প্রভিডেন্ট ফান্ড ও গ্র্যাচুইটি ফান্ড সুবিধা যথাক্রমে ৫ ও ৩ বছর পূর্ণ হলে প্রাপ্য হবেন।
০৪) সংস্থার নিয়ম অনুযায়ী মোবাইল সিম ফ্রি। এছাড়াও রাত্রিযাপন ভাতা, কর্মদক্ষতা ভাতা, বিশেষ চিকিৎসা ভাতা, কর্মী-কর্মকর্তাদের মেধাবী ছেলে-মেয়েদের এককালীন শিক্ষা বৃত্তিসহ অন্যান্য সুবিধাদি প্রদান করা হয়।
০৫) নারী কর্মী/কর্মকর্তাদের জন্য মাতৃত্বকালীন ছুটি ৬ মাস স্ব-বেতনে এবং পিতৃত্বকালীন ছুটি ৭ (সাত) দিন স্ব-বেতনে প্রদান করা হয়।
০৬) কর্মএলাকার মধ্যে যেকোন জেলায় কাজের মানসিকতা থাকতে হবে। তবে, নারী কর্মীদের পার্শ্ববর্তী জেলায় নিয়োগের সুবিধা রয়েছে।

➢ **চাকুরিতে যোগদানের শর্তাবলিঃ**

০১) সংস্থার নিয়ম অনুযায়ী শিক্ষানবিশকাল ৩/৬ মাস।
০২) জামানতঃ নির্বাচিত প্রার্থীদের ৩ ও ৪ নং পদে ১৫,০০০, ৫ ও ৬ নং পদে ১২,০০০, ৭, ৮ ও ৯ নং পদে ১০,০০০ টাকা নগদ জামানত যোগদানের সময় জমা দিতে হবে, যা চাকুরিশেষে লাভসহ ফেরতযোগ্য।
০৩) নির্বাচিত প্রার্থীদের যোগদানের সময় উল্লিখিত জামানতের টাকা প্রধান কার্যালয় ব্যতীত অন্য কোনো মাধ্যমে জমা নেয়া হয় না। প্রধান কার্যালয় ব্যতীত আর্থিক লেনদেন করলে কর্তৃপক্ষ দায়ী থাকবে না।
০৪) অধ্যয়নরত ছাত্র/ছাত্রীদের আবেদন করতে নিরুৎসাহিত করা হলো।

**প্রার্থিতার ক্ষেত্রে সকলের জন্য সম-অধিকার। যে কোনো ধরনের তদবির প্রার্থীর অযোগ্যতা বলে গণ্য হবে।**